



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২৪৮০৪১/নীলফামারী-৫৯/ ২১২৮/৪

তারিখ: ২৭.১১.২০১৯খ্রি.

বিষয়: চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অনুমোদন নেয়া প্রসঙ্গে

- সূত্র: ১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/১০৫৫/৪/নীলফামারী-৫৯; তারিখ: ২০/০৩/২০১৯ খ্রি.
২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০৩.০১২.১৯.৪৬০; তারিখ: ০৭/০৮/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন সম্মিলিত বন্দর খড়িবাড়ী ও ছাতনাই বালাপাড়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক জনাব মো: নখিবুল ইসলাম (কৃষি) একটি অভিযোগ দাখিল করেন। তিনি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা ২০০৯ এর ৩৮ (৩) বিধির প্রদত্ত ক্ষমতাবলে ম্যানেজিং কমিটি কর্তৃক সম্পূর্ণ অবৈধভাবে ২২/০৫/২০১০ সালে সাময়িক বরখাস্ত এবং ১৭/১২/২০১১ সালে চূড়ান্ত বরখাস্ত হন। উক্ত অভিযোগের বিষয়ে সূত্রোক্ত ১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী-কে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকের মাধ্যমে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে দেখা যায়, অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হয়নি উপরন্তু তদন্তকারী কর্মকর্তা অভিযোগকারীর বিরুদ্ধে নিম্নোক্ত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন এবং তাকে দোষী সাব্যস্ত করে প্রতিবেদন প্রেরণ করেন। কারণ হিসেবে উল্লেখ করা হয় যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর ০১-জি ১৭২৪-বিঃ/২০০৬/৮২১/৮-বিশেষ স্মারক, তারিখ: ২৭/০১/২০১০ খ্রি: এর চিঠিতে উক্ত শিক্ষক ডিগ্রী (পাশ) সনদ জালিয়াতির মাধ্যমে প্রাপ্য বেতন ক্ষেলের পরিবর্তে অতিরিক্ত বেতন ক্ষেলের সুযোগ সুবিধা গ্রহণ ও মিথ্যা অভিযোগ দাখিল করায় তার বিরুদ্ধে ২৪/১০/১৯৯৫ খ্রি. তারিখে জনবল কাঠামো মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং এমপিও ভুক্তির তারিখ হতে বিধি বহির্ভূতভাবে গৃহীত অতিরিক্ত টাকা আদায় করে চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে চালানোর কপি মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য সভাপতি সম্মিলিত বন্দর খড়িবাড়ী ও ছাতনাই বালাপাড়া দাখিল মাদ্রাসাকে পত্র দিয়ে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশ মোতাবেক তৎকালীন সভাপতি তিনবার কারণ দর্শানোর নোটিশ দিলেও তার কোন জবাব প্রদান না করাসহ অতিরিক্ত উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে জমা না দেয়ায় ম্যানেজিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রথমে ১৭/১২/২০১১ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত এবং পরবর্তীতে ১৬/০৫/২০১২ খ্রি. তারিখে চূড়ান্তভাবে বরখাস্ত করা হয়। বোর্ড কর্তৃক চূড়ান্ত বরখাস্তের অনুমোদন নেয়া হয়নি। উল্লেখ্য, উক্ত শিক্ষক ২০১২ খ্রি. তারিখ হতে প্রতিষ্ঠানে অনুপস্থিত রয়েছেন।

বর্ণিত অবস্থায় সহকারী শিক্ষক জনাব মো: নখিবুল ইসলাম (কৃষি) এর বিরুদ্ধে অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় চূড়ান্ত বরখাস্তের বিষয়টি বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক অনুমোদন নেয়ার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রাপক

- (১) সভাপতি/কমিটির সদস্যবৃন্দ
সম্মিলিত বন্দর খড়িবাড়ী ও ছাতনাই বালাপাড়া দাখিল মাদ্রাসা
ডিমলা, নীলফামারী;

- (২) সুপার/ভারপ্রাপ্ত সুপার, সম্মিলিত বন্দর খড়িবাড়ী ও ছাতনাই বালাপাড়া দাখিল মাদ্রাসা
ডিমলা, নীলফামারী;

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১২৪৮০৪১/নীলফামারী-৫৯/ ২১২৮/৪

তারিখ: ২৭.১১.২০১৯খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নীলফামারী;
২. জেলা শিক্ষা অফিসার, নীলফামারী;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারী;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডিমলা, নীলফামারী;
৫. মো: নখিবুল ইসলাম, সহকারী শিক্ষক, কৃষি (বরখাস্তকৃত), সম্মিলিত বন্দর খড়িবাড়ী ও ছাতনাই বালাপাড়া দাখিল মাদ্রাসা, গ্রাম: খণা খড়িবাড়ী, ডাকঘর: খণা খড়িবাড়ী, ডিমলা, নীলফামারী;
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

(মোঃ ওমর ফারুক)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪